

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র স্পেশাল জজ, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তপশিল উল্লিখিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু করা হয়। কিন্তু তাহাকে না পাওয়ায় উহা জারি করা সম্ভব হয় নাই।

এবং যেহেতু ১৮৯৮ ইংরেজি সালের ফৌজদারী কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে।

এবং যেহেতু আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, অত্রাদালতে বিচারার্থে উক্ত আসামী গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে।

এবং যেহেতু উক্ত আসামীর শীঘ্রই গ্রেফতার করিবার সম্ভাবনা নাই, সেহেতু ১৯৫৮ ইংরেজি সালের ক্রিমিনাল ল' এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট এর ৬-১ (এ) ধারার বিধানমতে নিম্ন তপশিলে বর্ণিত আসামীকে নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তি পত্রিকায়/গেজেট প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে অত্রাদালতে হাজির হইবার নির্দেশ দেওয়া যাইতেছে, অন্যথায় তাহার অনুপস্থিতিতে বিচারকার্য সম্পন্ন করা হইবে :

তপশিল

ক্রমিক নং	আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
১	(ক) মোঃ গিয়ান উদ্দিন প্রঃ কুসুম মানিক, মেসার্স শাহ আমানত আয়রন মার্ট এবং আলমদিনা এন্টারপ্রাইজ, ভাটিয়ারী, থানা-সীতাকুণ্ড, জেলা-চট্টগ্রাম, পিতা-মৃত মোহাম্মদ মিয়া, মাতা-শামসুন্নাহার, সাং-ফৌজদারহাট স্টেশন, ভাটিয়ারী, থানা-সীতাকুণ্ড, জেলা-চট্টগ্রাম।	স্পেশাল মামলা নং ২৯/১৬ সীতাকুণ্ড থানা মামলা নং-১৫(২)১৪ জিআর-৪৬/১৪ ধারা: ৪০৬/৪২০ দণ্ডবিধি

মোঃ ইসমাইল হোসেন

সিনিয়র স্পেশাল জজ, চট্টগ্রাম।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

( ৭৮১১ )

মূল্য : টাকা ৪.০০